

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৫/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ কুতুব উদ্দিন  
পিতা-মরহুম মৌ: সফিউদ্দিন  
ই-৩৪, র্যাব-২ এর পশ্চিম পার্শ্বে  
আগারগাঁও, ঢাকা-১২০৭।

প্রতিপক্ষ : জনাব মোহাম্মদ আবুল খায়ের  
জনসংযোগ কর্মকর্তা  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৯-০৬-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন ০২-১২-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোহাম্মদ আবুল খায়ের বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- গত ০৪-১১-২০১৩ খ্রিঃ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে তার লিখিত পত্রের (কপি সংযুক্ত) আলোকে উল্লিখিত ০৭ টি সুপারিশের অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি-  
০৪-১১-২০১৩ খ্রিঃ তারিখে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে তার উপস্থাপিত সুপারিশ-
- ১. ধর্ষিতা নারী ও শিশুদেরকে সরকার ও রাষ্ট্র কর্তৃক বীরঙ্গনা উপাধি প্রদান করত: বিশেষ সুযোগ সুবিধা প্রদান করণ।
- ২. সরকারী ও বেসরকারী গোয়েন্দাদের দ্বারা তৈরীকৃত গ্রাম ও মহল্লা ভিত্তিক বখাটে ও ইভটিজিংকারী সন্ত্রাসীদের তালিকা তৈরী করে এসপি/ পুলিশ কমিশনার কার্যালয় হতে তাদের নামে মাসিক হুঁশিয়ারী পত্র জারী করণ।
- ৩. সকল উচ্চ বিদ্যালয়, মহা বিদ্যালয়, গ্রাম ও মহল্লা ভিত্তিক ইভটিজিং প্রতিরোধ কমিটি গঠন করে মাসিক সভার প্রতিবেদন এসপি/ পুলিশ কমিশনার অফিসে প্রেরণ করণ।
- ৪. ইভটিজিং ও মিথ্যা প্রেম নিবেদনকারীদের খপ্পরে যেন নিরীহ মেয়েদের পড়তে না হয় এ বিষয়ে স্কুল-কলেজে কাউন্সিলিং জোরদার করণ।
- ৫. ধর্ষিতা নারী ও শিশুদের প্রতি সহানুভূতিশীল হওয়ার জন্য সামাজিক আন্দোলন চালু করণ।
- ৬. ইউনিয়ন পরিষদের আইন শৃংখলা কমিটিতে ইভটিজিং প্রতিরোধের প্রতি বিশেষ জোর দেয়া।
- ৭. কোন গ্রাম, মহল্লা, হাট, বাজার, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদিতে নারী ও শিশু নির্যাতন ও ধর্ষিতা হলে সংশ্লিষ্ট সকলের কৈফিয়ত তলব করতে হবে। অর্থাৎ নিজ নিজ অবস্থান থেকে কে কতটুকু সামাজিক দায়িত্ব পালন করেছিলেন এর জবাবদিহিতা থাকতে হবে।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৬-০১-২০১৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে রেজিস্টার্ড ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১০-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৯-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অঃ পৃঃ দ্রঃ)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন ও প্রতিপক্ষ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোহাম্মদ আবুল খায়ের হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোহাম্মদ আবুল খায়ের তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদন পাওয়া যায়নি। কমিশনের সমন পেয়ে আবেদনের বিষয়ে অবগত হয়েছেন। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় দেশের বাহিরে থাকায় অভিযোগকারীর তথ্যের বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি। কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহের বিষয়ে তিনি নিশ্চয়তা প্রদান করেন।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদি সম্পর্কে অবগত ছিলেন না, কমিশনের সমন প্রাপ্তির পর বিষয়টি অবগত হয়েছেন। কমিশনের নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১২-০৬-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোহাম্মদ আবুল খায়ের কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার